সুস্থ পরিবেশ,
স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ রাবার বোর্ড**
প্রধান কার্যালয়
ই ১০-১৩, এম এ কে খলিল সড়ক, পশ্চিম পাহাড়
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম
www.rubberboard.gov.bd

নম্বরঃ ২২.০৭.০০০০.০০৬.৩১.০০১.২৪-৩৪০ তারিখঃ ১৫/০৮/২০২৪ খ্রিস্টাব্দ

**সভার নোটিশ**

বাংলাদেশ রাবার বোর্ডের পরিচালনা পরিষদের ২১তম সভা আগামী ২৯ আগস্ট ২০২৪ (বৃহস্পতিবার), বেলা ১১:০০ ঘটিকায় বাংলাদেশ রাবার বোর্ডের চেয়ারম্যান, সৈয়দা সারওয়ার জাহান (অতিরিক্ত সচিব) এঁর সভাপতিত্বে বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

বর্ণিতাবস্থায়, দূরবর্তী স্থানে অবস্থানরত সম্মানিত সদস্যকে ভার্চুয়ালি এবং নিকটবর্তী স্থানে অবস্থানরত সকল সম্মানিত সদস্যকে সভায় সশরীরে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল।

**Meeting ID: 515 214 2278**
**Passcode : brb123456**

**সংযুক্তি: সভার কার্যপত্র।**

১৫/০৮/২০২৪

মোঃ মোস্তফা জাবেদ কায়সার
(সিনিয়র সহকারী সচিব)
উপপরিচালক (প্রশাসন)
বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।
ফোনঃ ০২৪১৩৮০০৯৭
deputydirector.brb@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৮। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
০৯। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা / তাঁর প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক এর নীচে নয়)।
১০। উপ-সচিব (আইন-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১১। উপ-সচিব (খাস জমি-১), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১২। উপ-সচিব (প্রশাসন-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৩। বনসংরক্ষক, বন অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৪। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ঢাকা ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৫। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৬। সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙামাটি পার্বত্য জেলা ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৭। মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৮। জনাব কামাল উদ্দিন, সভাপতি, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন, ৯ ঘাটফরহাদবেগ, আন্দরকিল্লা, চট্টগ্রাম ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।
১৯। জনাব এস. এম নূরুল হক, চেয়ারম্যান, বাংলাদেশ মায়ানমার চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিএমসিসিআই), চট্টগ্রাম (বর্তমান ঠিকানাঃ ৫১ আব্দুস সাত্তার রোড, রহমতগঞ্জ, চট্টগ্রাম) ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।

২০। জনাব এম শাহ আলম, সভাপতি, বাংলাদেশীয় চা সংসদ, হাউস নং-৪৬০ (৭ম তলা), রোড নং-৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬ ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।

২১। প্রফেসর ড. এন কে এম আকবর হোসাইন (অবঃ), রসায়ন বিভাগ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম (বর্তমান ঠিকানাঃ অধ্যক্ষ, এস আলম কলেজিয়েট স্কুল, পটিয়া, চট্টগ্রাম) ও সদস্য, বাংলাদেশ রাবার বোর্ড।

২২। সচিব, বাংলাদেশ রাবার বোর্ড ও সদস্য-সচিব, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৮-১৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১৬। প্রধান বনসংরক্ষক, বন অধিদপ্তর, বনভবন, আগারগাঁও, ঢাকা।
১৭। চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
১৮। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৯। সংরক্ষণ কপি।

# বাংলাদেশ রাবার বোর্ড এর
# পরিচালনা পরিষদের ২১ তম বোর্ড সভার কার্যপত্র

**সভার তারিখ** : ২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ
**সময়** : বেলা ১১.০০ ঘটিকা
**স্থান** : সম্মেলন কক্ষ, বাংলাদেশ রাবার বোর্ড
প্রধান কার্যালয়, চট্টগ্রাম।

সভার আলোচ্যসূচি:

১। সভাপতির সম্ভাষণ
২। সভার এজেন্ডাসমূহ:
- ২.১ পরিচালনা পরিষদের ২০তম সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ
- ২.২ বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা
- ২.৩ রাবার বাগানের নিবন্ধন/রাবার কারখানার লাইসেন্সিং
- ২.৪ জমি অর্জন সংক্রান্ত
- ২.৫ জনবল ও নিয়োগ সংক্রান্ত
  ৬ষ্ঠ-৯ম গ্রেড, ১১-২০তম গ্রেডের অবশিষ্ট শূন্যপদের জনবল নিয়োগ সংক্রান্ত
- ২.৬ ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ২০ বছর মেয়াদী প্রেক্ষিত পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য এর রাবার ভিত্তিক কর্মপরিকল্পনা
- ২.৭ ২০২৩-২০২৪ অর্থবছরের জুন/২০২৪ পর্যন্ত বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা
- ২.৮ বিবিধ
  - ২.৮.১ লেটেক্স, রাবার শিট-কৃষিপণ্য হিসেবে তালিকাভুক্তি
  - ২.৮.২ বিদ্যমান ভ্যাট-ট্যাক্স কমানো ও আমদানি শুল্ক বৃদ্ধি সংক্রান্ত
  - ২.৮.৩ রাবার চাষের জন্য জমি বরাদ্দের আবেদন সংক্রান্ত
  - ২.৮.৪ রাবারের মূল্য নির্ধারণ
  - ২.৮.৫ রাবার বাগান ব্যবস্থাপনা নীতিমালা সংক্রান্ত
  - ২.৮.৬ রাবার গাছের ফুল থেকে মধু উৎপাদন, বীজ থেকে ফার্নিশ অয়েল ও পোল্ট্রিফিড তৈরি সংক্রান্ত প্রযুক্তি হস্তান্তর
  - ২.৮.৭ বিএফআরআই, কর্তৃক ক্লোন উদ্ভাবন সংক্রান্ত
  - ২.৮.৮ রাবার মালিকদের ঋণসুবিধা প্রদান সংক্রান্ত
  - ২.৮.৯ বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক ওয়েববেজড সফটওয়্যার সংযোজন
  - ২.৮.১০ জিও ডাটাবেইজ প্রণয়ন
  - ২.৮.১১ কার্বণ শোষণ সংক্রান্ত রিসার্চ
  - ২.৮.১২ রাবার চাষের তথ্যাবলী সম্পর্কিত সার্ভে রিপোর্ট প্রদান
  - ২.৮.১৩ সাংগাঠনিক কাঠামো সংশোধন সংক্রান্ত
  - ২.৮.১৪ স্মার্ট রাবার বাগান প্রকল্প ও অন্যান্য প্রকল্প গ্রহণ
  - ২.৮.১৫ উচ্চ ফলনশীল জাতের ক্লোন আমদানি সংক্রান্ত আলোচনার নিমিত্তে ভারতীয় প্রতিনিধি দলের বাংলাদেশ সফর সংক্রান্ত
  - ২.৮.১৬ পিপিপি (পাবলিক প্রাইভেট পার্টনারশীপ)

৪। সমাপনী বক্তব্য

আলোচ্যসূচী: (২.১) বাংলাদেশ রাবার বোর্ড এর পরিচালনা পরিষদের ২০তম বোর্ড সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ

বাংলাদেশ রাবার বোর্ড এর পরিচালনা পরিষদের ২০তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত ও অন্যান্য কোন বিষয়ে কোন প্রকার সংশোধন, সংযোজন ও বিয়োজন পরিলক্ষিত হলে উপস্থিত সম্মানিত সদস্যগণের মতামত উপস্থাপন।

আলোচ্যসূচী: (২.২) বিগত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

আলোচ্যসূচী: (২.৩) রাবার প্রক্রিয়াজাতকরণের নিবন্ধন এবং লাইসেন্স প্রদান সংক্রান্তঃ

বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক বাংলাদেশের বিভিন্ন জেলায় অবস্থিত রাবার বাগানসমূহ নিবন্ধনের নিমিত্ত গত ০৮/০৫/২০২৩ খ্রি. তারিখ বিআরবি/প্রশাসন-১০৪/২০২২-২৭১ স্মারকমূলে রাবার বাগান নিবন্ধন ও লাইসেন্স ফি নির্ধারণ সংক্রান্ত কমিটি গঠন করা হয়। গত ১০ মে, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ কমিটি সভা অনুষ্ঠিত হয়। সভায় রাবার বাগানসমূহের জন্য লাইসেন্স ফি বাবদ ৫০,০০০/- এবং প্রতি বছর লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- নির্ধারণের জন্য সুপারিশ করা হয়। কমিটির গৃহীত সুপারিশ ১৮তম বোর্ড সভায় উপস্থাপন করা হলে সভায় লাইসেন্স ফি ৪০,০০০ টাকা এবং লাইসেন্স নবায়ন ফি দুই বছর অন্তর ১০,০০০ টাকা রাবার বাগান নিবন্ধন ফি প্রতি একরে ১,০০০ টাকা অর্থাৎ ২৫ একরের প্রতি প্লটের জন্য ২৫,০০০ টাকা গ্রহনের সিদ্ধান্ত হয়। বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩-০৭-২০২৩ তারিখ ৪০৩ স্মারকমূলে বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ১০-০৮-২০২৩ তারিখ ৪৯৯ স্মারকমূলে পুনরায় পত্র প্রেরণ করা হয়। ২০তম বোর্ড সভায় "বাগানের নিবন্ধন ও নিজস্ব রাবার প্রসেসিং কারখানার জন্য লাইসেন্স ফি একত্রে ৫,০০০ টাকা (লাইসেন্স ফি ২৫০০ ও নিবন্ধন ফি ২৫০০ টাকা) এবং লাইসেন্স ফি নবায়ন বাবদ প্রতি তিন বছর অন্তর ১,০০০ টাকা ধার্যকরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।" অদ্যাবধি কোন রাবার বাগান নিবন্ধন করা হয়নি।

আলোচ্য সূচী: (২.৪) জমি অর্জনঃ

বাংলাদেশ রাবার বোর্ড এর গত ০৮/০৯/২০১৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত ১ম সভার আলোচ্যসূচি-4 এর গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), চট্টগ্রামকে সভাপতি করে বাংলাদেশ রাবার বোর্ডের অফিস/গবেষণাগার/কর্মকর্তা/কর্মচারী নিবাস ও ওয়্যার হাউসের জন্য জমি নির্বাচনের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি একটি প্রতিবেদন পেশ করেন। প্রতিবেদনে দেখা যায় "চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানার চট্টগ্রাম মহানগরের জে.এল নং-০৩, পশ্চিম ষোলশহর মৌজার ৬নং খতিয়ানের ১২২১৬ দাগের মোট ০৬.৩২ একর ভূমির মধ্যে ০১.৯৩ একর টিলা শ্রেণীর অব্যবহৃত ভূমি (পাহাড়ের পাদদেশে সমতল ভূমি) এবং চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানার চট্টগ্রাম মহানগরের জে.এল নং ৭, মুরাদপুর মৌজার ৬নং খতিয়ানের ২নং দাগের ১৬.০৯৩৭ একর ভূমির মধ্যে ০.২৫০০ একর টিলা শ্রেণীর অব্যবহৃত ভূমি (পাহাড়ের উপর সমতল ভূমি)। কমিটির সদস্যগণের প্রস্তাবিত স্থান দুটি সরেজমিন পরিদর্শন, সভার সিদ্ধান্ত ও সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন বিশ্লেষণ করে সার্বিক বিবেচনায় মূল প্রস্তাব হিসেবে ১ নম্বর তফসীলের ভূমি এবং বিকল্প প্রস্তাব হিসেবে ২ নম্বর তফসীলের ভূমি বাংলাদেশ রাবার বোর্ডের অফিস ও অন্যান্য স্থাপনার জন্য উপযুক্ত স্থান হিসেবে নির্বাচন করার বিষয়ে কমিটির উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।" যার প্রেক্ষিতে বাংলাদেশ রাবার বোর্ড এর স্থায়ী কার্যালয়, ট্রেনিং সেন্টার, নার্সারি, ওয়্যার হাউস ও কর্মকর্তা/কর্মচারীদের বাসস্থানের জন্য বন বিভাগের মালিকানাধীন অব্যবহৃত উপযুক্ত ০২টি স্পটে (১.২৩+.৯৫)=২.১৮ একর জমি হস্তান্তরের লক্ষ্যে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে ২.১৮ একর জমি রাবার বোর্ড এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদানের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে গত ০৪/০৪/২০২৩ খ্রি: তারিখে প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর বরাবরে প্রেরণ করা হয়েছে।

কোন অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় গত ০২/০৭/২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পুনরায় পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় গত ১৭/০৭/২০২৩ খ্রি: তারিখে পুনরায় উক্ত বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদানের জন্য প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর বরাবরে তাগিদ পত্র প্রেরণ করে। উক্ত পত্রের প্রেক্ষিতে ২৯/১০/২৩ খ্রিঃ তারিখে বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম উত্তর বন বিভাগ হতে "প্রস্তাবিত জমি সর্বশেষ বাংলাদেশ রাবার বোর্ড এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে মতামত প্রদান সমীচীন হবে বলে মনে হয় না মর্মে" বন সংরক্ষক, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম কে অবহিত করা হয়। পরবর্তীতে ৩০/১০/২৩ খ্রি: তারিখে বন সংরক্ষকের কার্যালয়, চট্টগ্রাম অঞ্চল হতে বিভাগীয় বন কর্মকর্তা, চট্টগ্রাম উত্তর বন বিভাগ কর্তৃক পত্রমূলে প্রেরিত প্রতিবেদনের সাথে অত্র দপ্তর একমত পোষণ করে তা প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ৩০/১০/২০২৩ খ্রি. তারিখে বন অধিদপ্তর, প্রধান সংরক্ষকের কার্যালয় হতে উক্ত বিষয়ে বন সংরক্ষক, চট্টগ্রাম অঞ্চলের মতামতের সাথে বন অধিদপ্তর একমত পোষণ করে তা মন্ত্রণালয়ের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়। গত ০৭ নভেম্বর ২০২৩ খ্রি. বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক প্রেরিত পত্রে বন বিভাগের মালিকানাধীন অব্যবহৃত ০২ টি স্পটে ২.১৮ একর জমি চিহ্নিতকরণ ও পরিমাপের ব্যবস্থা গ্রহণের জন্য সার্ভেয়ার মনোনয়নপূর্বক প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), চান্দগাঁও সার্কেল, চট্টগ্রাম মহানগরকে অনুরোধ করা হয়। সর্বশেষ ১৯ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ উক্ত জমি বর্তমানে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের গবেষণা কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বরাদ্দ রয়েছে বিধায় উক্ত জমি বাংলাদেশ রাবার বোর্ডের অনুকূলে প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট বরাবর নির্দেশক্রমে অনুরোধ করা হয়।

(১) বাংলাদেশ রাবার বোর্ড প্রতিষ্ঠার পর হতে নিজস্ব কোন সম্পদ/জমি না থাকায় নিজস্ব জমি অর্জন এবং রাবারের বাগান সৃজন ক্লোন উৎপাদন, নার্সারী সৃজনের ও পরীক্ষামূলক বাগান সৃজন ইত্যাদি উন্নয়ন কার্যক্রমের জন্য চট্টগ্রামের হাটহাজারীস্থ জালালাবাদ ও জংগল পাহাড়তলী মৌজায় ৬৫.৩১ একর জমির দীর্ঘমেয়াদী ইজারা চাওয়া হয়। ভূমি মন্ত্রণালয়ে বরাদ্দ আবেদনের প্রেক্ষিতে বিগত ২৪/১০/২০২২ তারিখে জেলা প্রশাসক চট্টগ্রামকে প্রতিবেদন দেয়ার জন্য বলা হয়। সহকারী কমিশনার (ভূমি) হাটহাজারী কর্তৃক জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিবেদন দাখিল করা হয়েছে মর্মে জানা যায়। গত ২৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রাবার বাগান সৃজনের লক্ষ্যে বাংলাদেশ রাবার বোর্ড এর অনুকূলে খাস জমি বরাদ্দ প্রদানের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি।

গত ২৫ জুন ২০২৩ তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৮ তম বৈঠকের কার্যবিবরণীর সিদ্ধান্ত ১৬ (ট) রাবার বাগান নির্মাণসহ রাবার শিল্পকে বিকশিত করার প্রয়োজনে প্রশিক্ষণ কেন্দ্র বা গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য রাবার বোর্ড কর্তৃক ভূমি মন্ত্রণালয়ের নিকট চাহিত ৬৫.৩ একর জমি লিজ নেওয়া সংক্রান্ত বিষয়ে রাবার বোর্ড কর্তৃক সচিব বরাবর পত্র প্রেরণের সুপারিশ করা হয়।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৮ তম বৈঠকের কার্যবিবরণীর সিদ্ধান্ত ১৬ (ট) নং সিদ্ধান্ত মোতাবেক গত ২৪ জুলাই ২০২৩ তারিখ রাবার বাগান সৃজনের লক্ষ্যে বাংলাদেশ রাবার বোর্ডর অনুকূলে খাস জমি বরাদ্দ প্রদানের লক্ষ্যে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। গত ০৩/১০/২০২৩ খ্রি. বাংলাদেশ রাবার বোর্ডের অনুকূলে রাবার বাগান নার্সারি সৃজন এবং গবেষণাগার প্রতিষ্ঠার লক্ষ্যে ৬৫.৩১ একর খাস জমি বরাদ্দ প্রদানের বিষয়ে গৃহীত উদ্যোগ সংক্রান্ত পত্র সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ০৮/১১/২০২৩

খ্রি. বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক রাবার বাগান সৃজনের লক্ষ্যে জমি বরাদ্দের বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত বিষয়ে ০৬/০৩/২০২৪ খ্রি. জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়। সর্বশেষ ২০/০৩/২০২৪ খি: তারিখে রাবার বাগান সৃজনের লক্ষ্যে বাংলাদেশ রাবার বোর্ডর অনুকূলে খাস জমি বরাদ্দ প্রদানের লক্ষ্যে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২) রাউজানের বৃন্দাপুর মৌজায় ৭০.০০ একর ব্যক্তিমালিকানাধীন জমি ক্রয়ের জন্য ২০/১১/২০২২ তারিখে মন্ত্রণালয়ের অনুমোদন চাওয়া হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে গত ০৪/০১/২০২৩ খ্রি. তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রস্তাবিত ৭০.০০ একর জমি ক্রয়ের ১,৯৭,৩৩,০০০ টাকা মূল্য বাবদ অর্থ সংশ্লিষ্ট খাতে বরাদ্দ রয়েছে কিনা অথবা বিবেচ্য জমি ক্রয়ে ব্যয়িত অর্থের উৎস সম্পর্কিত তথ্য জানতে চাওয়া হয়। পরবর্তীতে গত ০৯/০১/২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ রাবার বোর্ড হতে জমি ক্রয় খাতে নতুন কোড সৃজনপূর্বক বাংলাদেশ রাবার বোর্ডের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করে বিবেচ্য জমি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

অর্থ বিভাগের নিষেধাজ্ঞা থাকায় আপাতত জমি ক্রয়ের কার্যক্রম স্থগিত রয়েছে।

(৩) সরকারী পরিত্যক্ত বাড়ি নম্বর-৫৮, পাঁচলাইশ বরাদ্দ প্রদানের জন্য ১৯/১১/২০২০ তারিখে আবেদন করা হয়। অতঃপর বারবার যোগাযোগ এবং পত্র প্রেরণ করার পরে উক্ত বাড়ির পরিবর্তে অন্য একটি পরিত্যক্ত বাড়ি ১৬, কে.বি. ফজলুল কাদের রোড রাবার বোর্ড বরাবর প্রদানের জন্য সরকারী পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের সভাপতি ও বিভাগীয় কমিশনার চট্টগ্রাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত ১৭ তম সভায় সিদ্ধান্ত হয়। অদ্যাবধি, উচ্ছেদপূর্বক বুঝিয়ে দেওয়া হয়নি। নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ গত ০৭-০৯-২০২৩ খ্রি. তারিখ ২৫.৩৬.১৫০০.২৪২.১০৩.২০২৩/১২০৭ স্মারকমূলে সংরক্ষিত পরিত্যক্ত বাড়ি/হোল্ডিং নং-১৬ কে. বি ফজলুল কাদের রোড, চট্টগ্রাম বাড়ির বিএস খতিয়ান সংশোধন করে বাংলাদেশ সরকারের পক্ষে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ব্যবস্থাপনায় পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, চট্টগ্রাম এর নামে রেকর্ড সংশোধনের জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, চট্টগ্রাম পত্র প্রেরণ করা হয়। যেহেতু এটি গেজেট তালিকাভুক্ত পরিত্যক্ত বাড়ি, ইতঃপূর্বে কেউ এ বাড়ির মালিকানা দাবি করে সেটেলমেন্ট কোর্টে মামলা দায়ের করেনি সেহেতু সরকারি পরিত্যক্ত সম্পত্তি হিসেবে এ বাড়ি হতে অবৈধ দখল উচ্ছেদের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম কর্তৃক বিগত ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখে অবৈধ দখল অবিলম্বে উচ্ছেদের লক্ষ্যে একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য জেলা ম্যাজিস্ট্রেট বরাবরে আবেদন করা হয়। অতঃপর জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয় হতে ০৯/০৪/২০২৩ খ্রি: তারিখে একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়। অতঃপর মহামান্য হাইকোর্ট হতে উচ্ছেদের উপরে নিষেধাজ্ঞার আদেশপ্রাপ্ত হয়েছেন।

উচ্ছেদের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হলেও অবৈধ দখলদারদের আবেদনের প্রেক্ষিতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত সময় মঞ্জুর করায় উক্ত সময়ের মধ্যে অবৈধ দখলদার কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রীট মামলা নং- ২২৭০/২০২৪ দায়ের করা হয় এবং রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উচ্ছেদের ওপরে স্থগিতাদেশ দেওয়া হয় ।

এ কার্যালয় হতে রুল নিষ্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে **২৫/০৬/২০২৪ তারিখে** ২২.০৭.০০০০.০০৫.৩২.০০১.২৪-২৮৭ স্মারকমূলে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয় । পরবর্তীতে বরাদ্দ এবং দখল বুঝিয়ে দেওয়ার জন্যে **২ জুলাই ২০২৪ তারিখে** ২২.০০.০০০০.০৭০.৬৬.০০১.২০-৫৮ স্মারকমূলে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আইন-২ অধিশাখা হতে বিভাগীয় কমিশনার,চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয় ।

এঁর পরিপ্রেক্ষিতে এই কার্যালয় হতে **০৪/০৭/২০২৪ তারিখে** ২২.০৭.০০০০.০০৫.৩২.০০১.২৪-৩০২ স্মারকমূলে রিট পিটিশন ২২৭০/২০২৪ নিষ্পত্তি পূর্বক বাংলাদেশ রাবার বোর্ডের অনুকূলে বরাদ্দ প্রদানসহ দখল বুঝিয়ে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয় । কিন্তু অদ্যাবধি কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি ।

**আলোচ্য সূচী: (২.৫) জনবল ও নিয়োগ সংক্রান্তঃ**

মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদিত বাংলাদেশ রাবার বোর্ড এর জনবল ৭০।

**ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):**

| সংস্থার নাম | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বাংলাদেশ রাবার বোর্ড | ৭০ | ৪৮ | তক | • **বাংলাদেশ রাবার বোর্ডের মোট অনুমোদিত পদ ৭০টি। তন্মধ্যে ৬১টি রাজস্ব খাতভুক্ত পদের মধ্যে ৩৪ জন কর্মরত রয়েছেন।**<br>• **১জন চেয়ারম্যান, ১ জন সচিব, ৪ জন উপপরিচালক কর্মরত রয়েছেন। বর্তমানে উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব) পদমর্যাদার ১টি পদ শূন্য রয়েছে।**<br>• **১ম শ্রেণীর ১৬টি পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ০৬ জন কর্মকর্তা যোগদান করেছেন। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদের জনবল নিয়োগের ছাড়পত্র পাওয়ায় বর্তমানে ১ম শ্রেণীর ১০ টি পদ শূন্য রয়েছে। শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে গঠিত নিয়োগ কমিটির প্রথম সভা ১৮/০৪/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৬ষ্ঠ - ৯ম গ্রেডের নিয়োগের ক্ষেত্রে সময় এবং অর্থ সাশ্রয় করার লক্ষ্যে প্যানেল রাখার বিষয়ে আলোচনা হয় এবং সে ব্যাপারে মতামতের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের নিমিত্তে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর ৩০/০৫/২০২৪ খ্রি:** |

| | | | | |
|---|---|---|---|---|
| সর্বমোট | ৭০ | ৪৩ | ২৭ | তারিখে ১৭২ নং স্মারকে পত্র প্রেরণ করা হলে বিগত ০৭ আগষ্ট ২০২৪ খ্রি: তারিখে ১৪৮ নং স্মারকের পত্রমূলে প্যানেল রাখার বিষয়ে অসম্মতি জানানো হয়।<br>• ২য় শ্রেণীর জনবল নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক ০১ জন প্রার্থীকে একান্ত সচিব পদের জন্য সুপারিশ করা হয়েছে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন শেষে যোগদান করবেন।<br>• ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে বাংলাদেশ রাবার বোর্ডের রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ২৪ (চব্বিশ) টি পদের বিপরীতে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্রের মেয়াদ ০১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা হয়। উক্ত পত্রে আরো জানানো হয়, ২২ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখের ৩৬ নং স্মারকে বর্ণিত ০৩ (তিন) ক্যাটাগরির ০৩ (তিন) টি পদে নিয়োগের জন্য সুপারিশকৃত কর্মকর্তা ও কর্মচারীদের পদ যদি শূন্য হয়, তাহলে উক্ত পদসমূহের Waiting list/Short list কৃত জনবল থেকে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে নিয়োগ প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>• ৩য়-৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ শেষে ০৭টি ক্যাটাগরির ৩৪টি শূন্যপদের বিপরীতে ৩২জন কর্মচারী যোগদান করে, পরবর্তীতে ১২ জন কর্মচারী অব্যাহতি নিয়ে চলে গেছেন। বর্তমানে ১৪ টি পদ শূন্য রয়েছে।<br>• অর্গানোগ্রামভুক্ত ০৯টি নতুন করে সম্মতি পাওয়া ০৮টি সহ বর্তমানে মোট ১৭টি পদ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে। |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ

| সংস্থার নাম | যুগ্মসচিব /তদুর্ধ্ব | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণীর পদ | উপজেলা কর্মকর্তার পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | আউট সোর্সিং পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বাংলাদেশ রাবার বোর্ড | ০২ | ০০ | ১০ | ০০ | ০১ | ০৭ | ০৫ | ০০ | ২৫ |
| সর্বমোট | ০২ | ০০ | ১০ | ০০ | ০১ | ০৭ | ০৫ | ০০ | ২৫ |

**আলোচ্য-সূচী: (২.৬) ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা , ২০ বছর মেয়াদী প্রেক্ষিত পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য এর রাবার ভিত্তিক কর্মপরিকল্পনা প্রসঙ্গেঃ**

৮ম পঞ্চম বার্ষিকী পরিকল্পনা, ২০ বছর মেয়াদী প্রেক্ষিত পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য সরকার নির্ধারিত এসকল লক্ষ্যসমূহের সাথে বোর্ড এর মিশন ও ভিশনগুলো সমন্বয় করে রাবার খাতে নিবিড়ভাবে সম্পৃক্ত জনগোষ্ঠীর জীবনমান, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং সমৃদ্ধি অর্জনে একটি পরিকল্পিত ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরী বলে বোর্ড মনে করে। ৮ম পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় জিডিপির প্রবৃদ্ধি ৮.৫১% অর্জন, ১ কোটি ১৬ লাখ কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্যের হার ১৫.৬% এবং চরম দারিদ্র হার ৭.৪% এ নামিয়ে আনার অঙ্গীকার করা হয়েছে। টেকসই প্রাকৃতিক রাবার উৎপাদন এসডিজির ১,২,৫,৮,৯,১২,১৩ এবং ১৫ নম্বর লক্ষ্য অর্জনে অবদান রাখতে সক্ষম।

**আলোচ্যসূচী: (২.৭) বাজেট বাস্তবায়ন অগ্রগতিঃ** (অর্থবছর ২০২৩-২৪ এর মার্চ /২০২৪ হতে জুন/২০২৪ পর্যন্ত)

বাংলাদেশ রাবার বোর্ড এর ২০২৩-২০২৪ অর্থবছরের মার্চ/২৪-জুন/২৪ পর্যন্ত বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা: বাংলাদেশ রাবার বোর্ড এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের মার্চ/২৪-জুন/২৪ পর্যন্ত এ বরাদ্দকৃত অর্থ হতে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধনী) আইন ২০১৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক মূলধন অনুদান এবং আবর্তক ব্যয় এর বিপরীতে ক্রয় সম্পাদন করা হয়েছে।

সহায়তা কার্যক্রম-আবর্তক ব্যয়:

| খাত | সংশোধিত বরাদ্দ | ছাড়কৃত বরাদ্দ | ব্যয় | ব্যয় | ব্যয় | মোট ব্যয় | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি ২০২৩-২০২৪ | (জুলাই/২৩-নভেম্বর/২৩) | (ডিসেম্বর/২৩-ফেব্রুয়ারি/২৪) | (মার্চ/২৪-জুন/২৪) | (জুলাই/২৩-জুন/২৪) | (২০২৩-২৪ অর্থবছর) | |
| | (হাজার টাকা) | (হাজার টাকা) | (হাজার টাকা) | (হাজার টাকা) | (হাজার টাকা) | (হাজার টাকা) | (হাজার টাকা) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (৭-৫-৪) | ৭ | ৮ (৪-৭) | ৯ |
| অফিসারদের বেতন | ৬,২৮৪.০০ | ৬,৩৩৩.৯৭ | ১,৭৮৩.৬০ | ২,০৬৯.০৩ | ১,৭৯১.৪১ | ৫,৬৪৪.০৪ | ৬৮৯.৯৩ | নিয়মিত ব্যয় |
| কর্মচারীদের বেতন | ৩,২৭৪.০০ | ৩,৬১৩.৫০ | ১,২৭৩.৪৫ | ৮৮১.০০ | ৭৮৭.১০ | ২,৯৪১.৫৫ | ৬৭১.৯৫ | নিয়মিত ব্যয় |
| ভাতাদি | ৯,২৯৪.০০ | ৮,৫৯৩.০৩ | ২,৪৬৩.৪৭ | ২,১৪০.৬১ | ২,৭৭২.৭৩ | ৭,৩৭৬.৮১ | ১,২১৬.২২ | নিয়মিত ব্যয় |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **উপমোটঃ (নগদ মজুরি ও বেতন)** | **১৮,৮৫২.০০** | **১৮,৫৪০.৫০** | **৫,৫২০.৫২** | **৫,০৯০.৬৪** | **৫,৩৫১.২৪** | **১৫,৯৬২.৪০** | **২,৫৭৮.১০** | |
| আপ্যায়ন | ৩০০.০০ | ৩০০.০০ | ৬৫.২১ | ৮৭.৪০ | ১১৯.১৪ | ২৭১.৭৫ | ২৮.২৫ | স্টাফ মিটিং, বাজেট সভা, মূল্যায়ন কমিটির সভা সহ বিভিন্ন সভার আপ্যায়ন বাবদ ব্যয়। |
| যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) | ৫০.০০ | ৫০.০০ | - | - | ৪৫.০০ | ৪৫.০০ | ৫.০০ | - |
| সেমিনার/ কনফারেন্স | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ২১৯.৬৯ | ৩০৯.০২ | ৯৫৮.২৮ | ১,৪৮৬.৯৯ | ১৩.০১ | রাবার বাগানের সাথে সম্পৃক্ত রাবার স্টেকহোল্ডার, মালিক, ম্যানেজার, টেপারদের সাথে আয়োজিত সভা বাবদ ব্যয়। |
| বিদ্যুৎ | ২০০.০০ | ২০০.০০ | ৪৫.৯২ | ১৯.১০ | ৩৮.৫৯ | ১০৩.৬১ | ৯৬.৩৯ | অফিস কক্ষের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ ব্যয়। |
| পানি | ৫০.০০ | ৫০.০০ | ০.৬২ | - | - | ০.৬২ | ৪৯.৩৮ | পানির জার ক্রয় সংক্রান্ত বিল পরিশোধ। |
| ইন্টারনেট/ফ্যাক্স/ট্যালেক্স | ৩০০.০০ | ৩০০.০০ | ৩৬.৮৯ | ১০৩.৭৬ | ৭৬.২৫ | ২১৬.৯০ | ৮৩.১০ | ইন্টারনেট বিল পরিশোধ। |
| ডাক | ৫০.০০ | ৫০.০০ | ৩.৯৫ | - | ৮.৮০ | ১২.৭৫ | ৩৭.২৫ | ডাকটিকেট ক্রয় এবং চিঠি প্রেরণ বাবদ কুরিয়ার খরচ। |
| টেলিফোন | ২০০.০০ | ২০০.০০ | ৮.১২ | ৮.১১ | ৮.৯৩ | ২৫.১৬ | ১৭৪.৮৪ | টেলিফোন বিল পরিশোধ বাবদ ব্যয়। |
| প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | ১,৮০০.০০ | ১,৮০০.০০ | ২২৬.৬২ | ৪৫৬.২৮ | ৩২০.১৭ | ১,০০৩.০৭ | ৭৯৬.৯৩ | ওয়াল ক্যালেন্ডার, ডেস্ক ক্যালেন্ডার, লিফলেট, বিভিন্ন সভা-সেমিনারের ব্যানার, নিয়োগ বিজ্ঞপ্তি ও প্রচার সংক্রান্ত বিজ্ঞাপন প্রকাশ, ম্যাগাজিনে বিজ্ঞপ্তি প্রকাশ ইত্যাদি বাবদ। |
| বইপত্র ও সাময়িকী | ২০০.০০ | ১৯৯.৫০ | ১৬.৮৫ | ১৭.১৪ | ২১.৭৮ | ৫৫.৭৭ | ১৪৩.৭৩ | দৈনিক পত্রিকা ক্রয়। |
| অফিস ভবন ভাড়া | ৮০০.০০ | ৮০০.০০ | ১৪৬.৩০ | ১২৮.৬৬ | ৩৮৫.৯৮ | ৬৬০.৯৪ | ১৩৯.০৬ | অফিস ভবন ভাড়া (ই-১১ ও ই-১২)। |
| আউটসোর্সিং | ৪,১৫৪.০০ | ৪,১৫৪.০০ | ১,০৭৭.৪০ | ১,২০২.১৬ | ১,২৮১.০২ | ৩,৫৬০.৫৮ | ৫৯৩.৪২ | আউটসোর্সিং এ কর্মরত সর্বমোট ১৭ জন এর বেতন বাবদ প্রদান। |
| শ্রমিক (অনিয়মিত) মজুরি | ১০০.০০ | ১০০.০০ | ৪৪.২৮ | ২.৩০ | ৩৭.৯৫ | ৮৪.৫৩ | ১৫.৪৭ | অস্থায়ী ভিত্তিতে শ্রমিকের মজুরি প্রদান বাবদ ব্যয়। |
| নিবন্ধন ফি | ১,৭০০.০০ | ১০০.০০ | - | ১৭.৩৬ | ২৩.৪০ | ৪০.৭৬ | ৫৯.২৪ | ট্যাক্স টোকেন নবায়ন ও ফিটনেস নবায়ন ফি বাবদ পরিশোধ। |
| নিয়োগ পরীক্ষা | ১০০.০০ | ১,৭০০.০০ | ২৫.০০ | ৫২৬.৭৪ | ৭৫.০০ | ৬২৬.৭৪ | ১,০৭৩.২৬ | গ্রেড-১০ (২য় শ্রেণি) এর অন্তর্ভূক্ত একান্ত সচিব পদের নিয়োগে লিখিত ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত ব্যয়। |
| **উপমোটঃ** | **১১,৫০৪.০০** | **১১,৫০৩.৫০** | **১,৯১৬.৮৫** | **২,৮৭৮.০৩** | **৩,৪০০.২৯** | **৮,১৯৫.১৭** | **৩,৩০৮.৩৩** | |
| প্রশিক্ষণ | ২,৫০০.০০ | ২,৫০০.০০ | ৫৭০.৬৩ | ১,২২৮.২৬ | ৬৯৮.৯৪ | ২,৪৯৭.৮৩ | ২.১৭ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ, শুদ্ধাচার প্রশিক্ষণ, বিভিন্ন রাবার বাগান মালিক, ম্যানেজার ও টেপারদের প্রশিক্ষন, তথ্য অধিকার, সেবা সহজীকরণ, অভিযোগ প্রতিকার, ই-গভন্যান্স প্রশিক্ষন প্রদান বাবদ প্রশিক্ষণের প্রশিক্ষন সামগ্রি, আপ্যায়ন এবং সম্মানী বাবদ ব্যয়। |
| **উপমোটঃ** | **২,৫০০.০০** | **২,৫০০.০০** | **৫৭০.৬৩** | **১,২২৮.২৬** | **৬৯৮.৯৪** | **২,৪৯৭.৮৩** | **২.১৭** | |
| পেট্রোল অয়েল ল্যুব্রিকেন্ট | ১,৭০০.০০ | ১,৭০০.০০ | ৪২৫.১৪ | ৩৩০.৩৮ | ৪৬৭.৪৯ | ১,২২৩.০১ | ৪৭৬.৯৯ | ০১ (এক) টি জীপ গাড়ির ডিজেল, ৩(তিন) টি কার গাড়ি এবং ০১(এক) টি হায়েস গাড়ির অকটেন ক্রয় বাবদ ব্যয়। |
| গ্যাস ও জ্বালানী | ২০০.০০ | ২০০.০০ | ৫.৪০ | ৪.৩২ | ১২.৯৬ | ২২.৬৮ | ১৭৭.৩২ | গ্যাস বিল বাবদ ব্যয়। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| উপমোটঃ | ১,৯০০.০০ | ১,৯০০.০০ | ৪৩০.৫৪ | ৩৩৪.৭০ | ৪৮০.৪৫ | ১,২৪৫.৬৯ | ৬৫৪.৩১ | |
| ভ্রমণ ব্যয় | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৩১৪.৪৭ | ২৯৪.৯৪ | ৪৮৪.৩৪ | ১,০৯৩.৭৫ | ৪০৬.২৫ | কর্মকর্তা ও কর্মচারীদের ভ্রমণ ভাতা বাবদ ব্যয়। |
| উপমোটঃ | ১,৫০০.০০ | ১,৫০০.০০ | ৩১৪.৪৭ | ২৯৪.৯৪ | ৪৮৪.৩৪ | ১,০৯৩.৭৫ | ৪০৬.২৫ | |
| কম্পিউটার সামগ্রী | ১,০০০.০০ | ১,০০০.০০ | ২৬৫.১৭ | ২২৪.৯২ | ০.৪৪ | ৪৯০.৫৩ | ৫০৯.৪৭ | কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ ব্যয়। |
| মুদ্রণ ও বাধাঁই | ৭০০.০০ | ৭০০.০০ | - | ৪৮৯.২৩ | ১৫৫.৬২ | ৬৪৪.৮৫ | ৫৫.১৫ | ডায়েরি, প্যাড, এনভেলাপ, ফোল্ডার তৈরী বাবদ ব্যয়। |
| অন্যান্য মনিহারী | ১,৬০৯.০০ | ১,৬০৯.০০ | ২০০.০১ | ৬২৭.৯৪ | ২৯৪.৩১ | ১,১২২.২৬ | ৪৮৬.৭৪ | মনিহারি দ্রব্যাদি ক্রয় বাবদ ব্যয়। |
| উপমোটঃ | ৩,৩০৯.০০ | ৩,৩০৯.০০ | ৪৬৫.১৮ | ১,৩৪২.০৯ | ৪৫০.৩৭ | ২,২৫৭.৬৪ | ১,০৫১.৩৬ | |
| কনসালটেন্সি | ৩,০০০.০০ | ২,১০৬.০০ | - | - | ৮৯৪.৩৮ | ৮৯৪.৩৮ | ১,২১১.৬২ | - |
| শুদ্ধাচার | ১০০.০০ | ১৯৪.০০ | - | ৮২.৫৯ | ৭১.০৫ | ১৫৩.৬৪ | ৪০.৩৬ | শুদ্ধাচার পুরস্কার প্রদান। |
| উপমোটঃ | ৩,১০০.০০ | ২,৩০০.০০ | - | ৮২.৫৯ | ৯৬৫.৪৩ | ১,০৪৮.০২ | ১,২৫১.৯৮ | |
| সম্মানী/পারিতোষিক | ৩০০.০০ | ৩০০.০০ | | | ২৭২.৪০ | ২৭২.৪০ | ২৭.৬০ | |
| অনুষ্ঠান/উৎসবাদি | ৫৪৬.০০ | ৫৪৬.০০ | ৩৩.২০ | ২৪.২৯ | ৮৭.৯৮ | ১৪৫.৪৭ | ৪০০.৫৩ | দিবস উদযাপন সংক্রান্ত ব্যয়। |
| উপমোটঃ | ৫৪৬.০০ | ৮৪৬.০০ | ৩৩.২০ | ২৪.২৯ | ৩৬০.৩৮ | ৪১৭.৮৭ | ৪২৮.১৩ | |
| মোটরযান মেরামত | ৪০০.০০ | ৪০০.০০ | ১৯১.০০ | ৬০.১৯ | ৯২.৩৭ | ৩৪৩.৫৬ | ৫৬.৪৪ | জীপ, কার ও হায়েস গাড়ির মেরামত। |
| মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয় | ২০০.০০ | ২০০.০০ | - | - | - | - | ২০০.০০ | -- |
| উপমোটঃ | ৬০০.০০ | ৬০০.০০ | ১৯১.০০ | ৬০.১৯ | ৯২.৩৭ | ৩৪৩.৫৬ | ২৫৬.৪৪ | |
| উপমোটঃ (পণ্য ও সেবা) | ২৪,৯৫৯.০০ | ২৪,৪৫৮.৫০ | ৩,৯২১.৮৭ | ৬,২৪৫.০৯ | ৬,৯৩২.৫৭ | ১৭,০৯৯.৫৩ | ৭,৩৫৮.৯৭ | |
| গবেষণা | ২,২০০.০০ | ১,৫০০.০০ | - | - | - | - | ১,৫০০.০০ | -- |
| উপমোটঃ | ২,২০০.০০ | ১,৫০০.০০ | - | - | - | - | ১,৫০০.০০ | |
| বৈদ্যুতিক সরঞ্জাম | ৭০০.০০ | ৭০০.০০ | ৬৮.৬৭ | ১৮.৪৬ | ৯৮.৮৬ | ১৮৫.৯৯ | ৫১৪.০১ | বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয়। |
| অফিস সরঞ্জাম | ১,৪০০.০০ | ১,৪০০.০০ | ১৭.৭৫ | ১০৮.৪৬ | ২৩.৪৫ | ১৪৯.৬৬ | ১,২৫০.৩৪ | অফিস সরঞ্জামাদি ক্রয়। |
| উপমোটঃ | ২,১০০.০০ | ২,১০০.০০ | ৮৬.৪২ | ১২৬.৯২ | ১২২.৩১ | ৩৩৫.৬৫ | ১,৭৬৪.৩৫ | |
| মোটরযান | ১০,০০০.০০ | ৫,০০০.০০ | - | - | - | - | ৫,০০০.০০ | -- |
| উপমোটঃ | ১০,০০০.০০ | ৫,০০০.০০ | - | - | - | - | ৫,০০০.০০ | |
| কম্পিউটার ও আনুষঙ্গিক | ৩,৫০০.০০ | ২,২০০.০০ | ২৫১.৯৪ | ২৪৭.৪৬ | ৯৮০.০০ | ১,৪৭৯.৪০ | ৭২০.৬০ | ০৩ টি ডেস্কটপ কম্পিউটার ক্রয়। |
| কম্পিউটার সফটওয়্যার | ৫০০.০০ | ৫০০.০০ | - | - | ২৪.৭০ | ২৪.৭০ | ৪৭৫.৩০ | -- |
| উপমোটঃ | ৪,০০০.০০ | ২,৭০০.০০ | ২৫১.৯৪ | ২৪৭.৪৬ | ১,০০৪.৭০ | ১,৫০৪.১০ | ১,১৯৫.৯০ | |
| আসবাবপত্র | ১,০০০.০০ | ৯৮৭.৫০ | ৩২১.৩৫ | ২১.১৮ | ৫১৩.৬২ | ৮৫৬.১৫ | ১৩১.৩৫ | অফিসের প্রয়োজনে বিভিন্ন আসবাবপত্র, টেন্ডার বক্স, সাইড টেবিল ইত্যাদি ক্রয় বাবদ। |
| উপমোটঃ | ১,০০০.০০ | ৯৮৭.৫০ | ৩২১.৩৫ | ২১.১৮ | ৫১৩.৬২ | ৮৫৬.১৫ | ১৩১.৩৫ | |
| মোট বাংলাদেশ রাবার বোর্ডঃ | ৬৩,১১১.০০ | ৫৫,২৮৬.৫০ | ১০,১০২.১০ | ১১,৭৩১.২৯ | ১৩৯২৪.৪৪ | ৩৫,৭৫৭.৮৩ | ১৯,৫২৮.৬৭ | |

আলোচ্যসূচী: (২.৮) বিবিধঃ

**২.৮.১ লেটেক্স, রাবার শিট-কৃষিপণ্য হিসেবে তালিকাভুক্তিঃ**

কৃষি মন্ত্রণালয়ের গত ৩০ নভেম্বর, ২০১৪ খ্রি: তারিখ ১২.০৭৭.০৩৫.০০.০০.০০৮.২০১২/২৮৯; স্মারকমূলে অর্থ বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি সাপেক্ষে প্রাকৃতিক রাবারকে কৃষি পণ্য হিসাবে তালিকাভুক্তিকরণের সম্মতি জ্ঞাপন করে। তৎপ্রেক্ষিতে গত ০৭/০১/২০১৫ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে অর্থ বিভাগ, কৃষি মন্ত্রণালয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় আলোচনার প্রেক্ষিতে পরিবেশ , বন ও জলাবায়ু পরবর্তন মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারি ২০১৬ খ্রি: তারিখের পরিম/আইন/-০২/০১/বশিউক(রাবার) ১৭/২০১০/০৫; স্মারকমূলে অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড নিকট প্রাকৃতিক রাবার-কে কৃষি পণ্য ঘোষণার বিষয়ে মতামত চাওয়া হয়। পরবর্তীতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের গত ০৩ মার্চ ২০১৬ খ্রি: তারিখের ২২.০০.০০০০.০৭০.৪২.০১৭.২০১০.৭১;স্মারকমূলে পুনরায় মতামত চাওয়া হয় ।

বাংলাদেশ রাবার বোর্ড গত ২৪/০৭/২০২৩ খ্রি তারিখ বিআরবি/সিএম-১৮(৬)/২০১৮-৪৬১(২) স্মারকমূলে প্রাকৃতিক রাবারকে কৃষি পণ্য হিসেবে স্বীকৃতির ফলে সম্ভাব্য সুবিধা সম্বলিত প্রতিবেদন সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে। পরবর্তীতে গত ২৭ জুলাই ২০২৩ খ্রি. তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আইন-২ শাখার ২২.০০.০০০০.০৭০.৬৬.০০১.২০.৭০ নং স্মারকমূলে প্রাকৃতিক রাবারকে কৃষি পণ্য হিসেবে ঘোষণার বিষয়ে কার্যক্রম গ্রহণ সংক্রান্তে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য বাংলাদেশ রাবার বোর্ড বরাবর পত্র প্রেরণ করে। গত ৩১ জুলাই ২০২৩ খ্রি. তারিখ বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক প্রাকৃতিক রাবারকে কৃষি পণ্য হিসেবে স্বীকৃতির ফলে সুবিধা সম্বলিত প্রতিবেদন এবং গত ০১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ প্রেরিত প্রতিবেদনের অগ্রগতি বিষয়ে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক প্রাকৃতিক রাবারকে কৃষি পণ্য হিসেবে স্বীকৃতির নিমিত্ত কার্যক্রম গ্রহণের জন্য গত ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ একটি সভার আয়োজন করা হয়। সভার (ক) নম্বর সিদ্ধান্ত অনুযায়ী রাবারকে কৃষিপণ্য ঘোষণা করা হলে প্রাপ্ত তথ্য ভিত্তিক সুবিধাসহ বিশেষ করে বিশ্বব্যাপী যে সকল দেশে রাবারকে কৃষিপণ্য ঘোষণা করা হয়েছে সে সকল দেশের তথ্য, পরিবেশ রক্ষায় রাবারের ভূমিকাসহ যাবতীয় বিষয় তুলে ধরে গত ০৩-১২-২০২৩ খ্রি. তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সর্বশেষ ০৭/০৫/২০২৪ খ্রিঃ তারিখে কৃষিপণ্য ঘোষণার প্রসঙ্গে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

### ২.৮.২ ১৫% ভ্যাট কমানো ও আমদানি শুল্ক বৃদ্ধি সংক্রান্ত

গত ২২ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিআরবি/প্রশাসন-৫৩/২০১৯-১৮২ স্মারকমূলে দেশে উৎপাদিত রাবার শিটের উপর আরোপিত ১৫% ভ্যাট কমানো এবং বিদেশ হতে রাবার আমদানির ক্ষেত্রে আমদানি শুল্ক বৃদ্ধি করা প্রসঙ্গে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ২৯ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর ২২.০০.০০০০.০৭০.৬৬.০০১.২০.১০৯ স্মারকমূলে দেশে উৎপাদিত রাবার শিটের উপর আরোপিত ১৫% ভ্যাট কমানো এবং বিদেশ হতে রাবার আমদানির ক্ষেত্রে আমদানি শুল্ক বৃদ্ধি করা প্রসঙ্গে সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়; চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড; সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কোন অগ্রগতি পাওয়া যায়নি। গত ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ **"রাবার চাষের উপর আরোপিত ভ্যাট-ট্যাক্স সম্পর্কিত উদ্ভুত সমস্যা নিরসনে অংশীজনের সাথে মতবিনিময় সভা"** বাংলাদেশ রাবার বোর্ড এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় আমদানি রপ্তানি সম্পর্কিত তথ্যের জন্য CIS কে চিঠি পাঠানো, রাবার বাগান মালিকদের ঋণ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক কে পত্র প্রেরণ ও আমদানি শুল্ক বৃদ্ধির জন্য জাতীয় রাজস্ব বোর্ড কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের ভিত্তিতে রাবারের উপর আরোপিত ভ্যাট কমানো ও আমদানি শুল্ক বৃদ্ধির জন্য জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ ট্যারিফ কমিশনে পত্র প্রেরণ করে আমদানি শুল্ক বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। ট্যারিফ কমিশন হতে এ বিষয়ে তথ্য চাওয়া হলে গত ০৪/০৩/২০২৪ খ্রি: তারিখে জবাব প্রেরণ করা হয়। অদ্যাবধি অগ্রগতি পাওয়া যায়নি।

### ২.৮.৩ রাবার চাষের জন্য জমি বরাদ্দের আবেদন সংক্রান্ত

৩১ মার্চ ২০২৪ পর্যন্ত বান্দরবান ও কক্সবাজার জেলার বিভিন্ন উপজেলা হতে মোট ৩৩২ টি প্লট বরাদ্দের আবেদন পাওয়া গেছে। যা বাংলাদেশ রাবার বোর্ডের কর্মকর্তাদের বন্টন করে তদন্তপূর্বক জেলা প্রশাসক, বান্দরবান বরাবর সুপারিশ প্রেরণ করা হবে। এ পর্যন্ত ১১০৭ একর পরিমাণ রাবার বাগান তদন্ত সম্পন্ন হয়েছে। মোট তদন্ত হয়েছে ১৪৯ টি।

### ২.৮.৪ রাবারের মূল্য নির্ধারণ

গত ২২/১০/২০২৩ তারিখ বাংলাদেশে রাবার চাষ ও রাবার শিল্পের বিকাশ ও উন্নয়নকল্পে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি" শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। 'রাবার বাজারজাতকরণ ও রাবার মূল্য নির্ধারণ' বিষয়ভিত্তিক আলোচনার সিদ্ধান্ত অনুযায়ী রাবার বাজারজাতকরণ ও রাবার মূল্য নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| ১ | উপপরিচালক (বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড | আহবায়ক |
| ২ | বিএফআইডিসি, চট্টগ্রাম এর প্রতিনিধি | সদস্য |
| ৩ | বিএফআরআই এর প্রতিনিধি | সদস্য |
| ৪ | বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, চট্টগ্রাম এর প্রতিনিধি | সদস্য |
| ৫ | বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন এর প্রতিনিধি | সদস্য |
| ৬ | সহকারী পরিচালক, (বিপণন), বাংলাদেশ রাবার বোর্ড | সদস্য সচিব |

০৩ ডিসেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিগত ১০ বছরে আন্তর্জাতিক বাজারে বিভিন্ন দেশের রাবারের বাজার মূল্য এবং বাংলাদেশের রাবারের বাজার মূল্যের একটি তুলনামূলক প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠন করা হয়। উক্ত উপ-কমিটি গত ১১/০১/২০২৪ খ্রি. তারিখে প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রেরণ করেছেন।

প্রতিবেদনটিতে রাবারের মূল্যের অসামঞ্জস্যতা দেখানো হয় যেখানে ২০১৯ সালে প্রতি কেজিতে ২.৫০ মার্কিন ডলার ঘাটতি মূল্য ও ২০১৩ সালে প্রতি কেজিতে ১.২৩ মার্কিন ডলার উদ্বৃত মূল্য হিসেবে পাওয়া যায়। যদিওবা প্রতিবেদনে প্রকাশিত তথ্য প্রাথমিকভাবে প্রণনয়ন করা। তাই পরবর্তীতে আরো সূক্ষ্ম গবেষণার মাধ্যমে রাবারের মূল্যের এ অস্থিতিস্থাপকাতার মূল কারণ অনুসন্ধান করা যাবে। গবেষণা নীতিমালা প্রণয়নের জন্য একটি ০৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

### ২.৮.৫ রাবার বাগান ব্যবস্থাপনা নীতিমালা সংক্রান্ত

রাবার বাগান নীতিমালা প্রস্তুত করা হলে রাবারের উৎপাদন বৃদ্ধি এবং রাবার শিল্পকে লাভজনক করা সম্ভব। এ লক্ষ্যে রাবার বাগান ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা প্রস্তুতকরণের লক্ষ্যে একটি কমিটি গত ২৮-১১-২০২৩ খ্রি. তারিখ গঠন করা হয়। কমিটি ০৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত হয়। গঠিত কমিটির প্রতিবেদন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি।

২.৮.৬ রাবার গাছের ফুল থেকে মধু ইত্যাদি প্রযুক্তি হস্তান্তর সংক্রান্ত:

বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক আয়োজিত ১ম প্রাকৃতিক রাবার ও রাবারজাত শিল্প পণ্য মেলা, ২০২২ এ বাংলাদেশ বন গবেষণা ইনিস্টিটিউটের স্টল হতে জানা যায়, রাবার গাছের বীজ হতে তেল এবং প্রাণী খাদ্য উৎপাদন সম্ভব। এ প্রেক্ষিতে গত ২৮/১১/২০২২ খ্রি. তারিখে এ সংক্রান্ত প্রযুক্তি অবহিত করার জন্য পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় গত ০৭/০৩/২০২৪ খ্রি. তারিখে মাঠ পর্যায়ে অবহিতকরণের লক্ষ্যে প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনিস্টিটিউট বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখে "**রাবার গাছের বীজ ও ফুল হতে পোল্ট্রি ফিড, ফার্নিস অয়েল ও মধু তৈরির প্রক্রিয়া মাঠ পর্যায়ে অবহিতকরণ**" সংক্রান্ত সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারের প্রতিবেদন সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়। বিএফআরআই এর সাথে যোগাযোগ চলমান রয়েছে। অতঃপর বান্দরবান জেলার লামা উপজেলায় রাবার বাগান মালিক, শ্রমিক, টেপারদের অংশগ্রহণে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

২.৮.৭ বিএফআরআই কর্তৃক ক্লোন উদ্ভাবন সংক্রান্ত:

গত ২০ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে "বাংলাদেশ বন গবেষণা ইনিস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত নতুন রাবার ক্লোন মাঠ পর্যায়ে সম্প্রসারণ" বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাটির গুণাগুণ ও অন্যান্য বিষয়ে বিবেচনার জন্য স্থান নির্বাচনের মাধ্যমে বাড ব্যাংক স্থাপনসহ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় গত ১০/০৩/২০২৪ খ্রি. তারিখে চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ও পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনিস্টিটিউট বরাবর পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জানা যায়, এপ্রিল ২০২৪ মাসের মধ্যে রামু রাবার বাগান এলাকা পরিদর্শনপূর্বক বিএফআরআই পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে ।

২.৮.৮ রাবার মালিকদের ঋণসুবিধা প্রদান সংক্রান্ত:

গত ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ "**রাবার চাষের উপর আরোপিত ভ্যাট-ট্যাক্স সম্পর্কিত উদ্ভূত সমস্যা নিরসনে অংশীজনের সাথে মতবিনিময়**" সভা বাংলাদেশ রাবার বোর্ড এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ২.০ অনুযায়ী রাবার বাগান মালিকদের পূর্ববর্তী ঋণের সুদ মওকুফসহ নতুন করে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ব্যাংক ও চেয়ারম্যান বাংলাদেশ কৃষি ব্যাংক বরাবর গত ০১/১০/২০২৩ খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রি. রাবার খাতে ঋণ প্রদান সংক্রান্ত বিষয়ে সভাপতি, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন বরাবর পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি আগ্রহী রাবার চাষীগণ ঋণের আবেদন করেননি।

২.৮.৯ বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক ওয়েববেজড সফটওয়্যার সংযোজন

বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত বাংলাদেশ রাবার বোর্ড ই-সার্ভিস সিস্টেম সংযোজন করা হয়েছে। ওয়েববেজড সফটওয়্যার "রাবার বোর্ড ই-সার্ভিস" সম্পর্কে একটি অবহিতকরণ সভা গত ১০/০৩/২৪ খ্রি তারিখে অনুষ্ঠিত হয়। এ বিষয়ে নিয়মিত অগ্রগতি মনিটরিং এবং হালনাগাদকরণ করা হচ্ছে। অদ্যাবধি কোনো রাবার মালিক বাগান নিবন্ধন করেননি।

২.৮.১০ জিও ডাটাবেইজ প্রণয়ন

রাবার বাগানসমূহের একটি পূর্ণাঙ্গ জিও ডাটাবেস প্রণয়নের জন্য সক্ষমতা অনুযায়ী বান্দরবান জেলার লামা উপজেলায় মৌজাভিত্তিক টেন্ডারের মাধ্যমে বাগানের ভৌগোলিক অবস্থানগত তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ পর্যন্ত ৭৬০০ একর রাবার বাগানের তথ্য সংগ্রহ করা হয়েছে। বর্তমানে আরও ৫০০০ একরের কাজ চলমান রয়েছে। পর্যায়ক্রমে সকল রাবার বাগানের তথ্য সংগ্রহ পূর্বক ডাটাবেইজ প্রণয়ন করা হবে।

২.৮.১১ পাইলট প্রকল্প

বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক ০৪ টি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পসমূহের সমাপ্তিতে প্রতিবেদন পাওয়া গেছে।

২.৮.১২ রাবার চাষের তথ্যাবলী সম্পর্কিত সার্ভে রিপোর্ট প্রদান

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ৩১/১২/২০২৩ খ্রি: তারিখের ৩২৭ নং স্মারকমূলে রাবার চাষ সম্পর্কিত সামগ্রিক প্রতিবেদন চাওয়া হয়। তন্মধ্যে বাংলাদেশে মোট রাবার বাগানের সংখ্যা, কি পরিমাণ রাবার বাগান লিজ দেয়া হয়েছে, রাবার বাগান ও বাগান মালিকের সংখ্যা, কি পরিমাণ জমি সাবলেট দেয়া হয়েছে, রাবার চাষে মালিকদের অবদান কি ইত্যাদি অন্তর্ভূক্ত ছিল। ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে ইওআই আহ্বান করা হয়েছে।

২.৮.১৩ সাংগঠনিক কাঠামো সংশোধন সংক্রান্ত

বাংলাদেশ রাবার বোর্ড একটি নবসৃষ্ট প্রতিষ্টান। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংশোধন প্রয়োজন। ইতোমধ্যে উক্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়।

২.৮.১৪ স্মার্ট রাবার বাগান প্রকল্প ও অন্যান্য প্রকল্প গ্রহণ

বাংলাদেশ রাবার বোর্ড গত ০৬-১১-২০২৩ তারিখ 'জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলায় ডিজিটালাইজেশনের মাধ্যমে স্মার্ট রাবার বাগানে রূপান্তর' শীর্ষক প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের জন্য দরপত্র আহবান করা হয়। পরবর্তীতে দরপত্র মূল্যায়নের মাধ্যমে যোগ্য পরামর্শক প্রতিষ্ঠানকে

তালিকাভূক্ত করে কার্যাদেশ প্রদান করা হয়। এর ধারাবাহিকতায় পরামর্শক প্রতিষ্ঠানটি তাদের কার্যক্রম সম্পন্ন করে স্টাডি রিপোর্ট প্রদান করেছেন। গত ২১ নভেম্বর, ২০২৩ খ্রি. ও ১৭ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ 'জলবায়ু বিরূপ প্রভাব মোকাবেলায় ডিজিটালাইজেশনের মাধ্যমে স্মার্ট রাবার বাগানে রূপান্তর' শীর্ষক প্রকল্পের প্রণীত ডিপিপি বিষয়ক ০২টি সেমিনার অনুষ্ঠিত হয়। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্প ব্যয় ধরা হয়েছে ৯ কোটি ৭৪ লক্ষ টাকা।

**২.৮.১৫ উচ্চ ফলনশীল জাতের ক্লোন আমদানি সংক্রান্ত আলোচনার নিমিত্তে ভারতীয় প্রতিনিধি দলের বাংলাদেশ সফর সংক্রান্ত**

উচ্চ ফলনশীল ক্লোন আমদানির লক্ষ্যে বাংলাদেশ রাবার বোর্ড অনেক দিন ধরেই চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রথম দিকে শ্রীলঙ্কা, ভারত, মালয়েশিয়া সহ অনেক দেশের সাথেই এ বিষয়ে যোগাযোগ করা হলেও পরবর্তীতে শুধু ভারত ক্লোন দেবে বলে সম্মত হয়। তবে তারা ক্লোন দেওয়ার আগে বাংলাদেশ সফর করে অবস্থা বিবেচনায় ক্লোন দেওয়ার কথা জানান। এরই ধারাবাহিকতায় গত ২৭ এপ্রিল ২০২৪ হতে ০১ মে ২০২৪ পর্যন্ত ভারতীয় রাবার বোর্ডের ৫ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল বাংলাদেশ সফর করেন। সফরকালীন সময়ে তারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, দাঁতমারা রাবার বাগান, ফিডকো ও বিএফআরআই পরিদর্শন করেন। এছাড়া ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ভারতীয় প্রতিনিধি দল জানান তারা বাংলাদেশকে আবহাওয়ার উপযোগিতা অনুসারে আরআরআইআই ৪১৭ ও আরআরআইআই ৪৩০ এর পরিবর্তে আরআরআইআই ৪২৯ ও আরআরআইআই ২০৮ এ দুটি উচ্চফলনশীল ক্লোন দিতে আগ্রহী। গত ২৬ জুলাই ২০২৪ খ্রিঃ ভারতীয় রাবার বোর্ড থেকে মেইল মারপত জানানো হয় যে, ভারতীয় রাবার বোর্ডের পক্ষ থেকে সেই রিকমন্ডেশন লেটারএপ্রুভাল এর জন্যে তাঁরা তাদের মিনিস্ট্রি অফ কর্মাস ইন্ডিয়া তে পাঠিয়েছেন। উক্ত রিকমন্ডেশন লেটারের প্রেক্ষিতে গত ০১ আগস্ট ২০২৪ খ্রিঃ তারিখে বাংলাদেশে ক্লোন পাবার প্রক্রিয়াটি ত্বরান্বিত করার বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

**২.৮.১৬ পিপিপি (পাবলিক প্রাইভেট পার্টনারশীপ)**

সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে উন্নত প্রযুক্তি ব্যবহার করে রাবারজাত পণ্য উৎপাদন ও বিপণন সংক্রান্ত উন্মুক্ত আলোচনা ।